

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২১৭  
আগরতলা, ১৫ মার্চ, ২০২৪

**উচ্চতর মাধ্যমিক পরীক্ষা শাস্তিপূর্ণ**

আজ ছিল মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিক (নতুন সিলেবাস)-র ইকনমিকস এবং মাদ্রাসা ফাজিল আর্টস (নতুন সিলেবাস)-র ইকনমিকস বিষয়ের পরীক্ষা। রাজ্যের মোট ৬০টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সরকারী পরীক্ষাকেন্দ্রের অবস্থা শাস্তিপূর্ণ ছিল। আজ নতুন সিলেবাসের উচ্চতর মাধ্যমিক ও মাদ্রাসা ফাজিল আর্টস-এর ইকনমিকস পরীক্ষায় ২,১২৭ জন পরীক্ষার্থী ছিল। তার মধ্যে ছাত্র ১,২১১ ও ছাত্রী ৯১৬ জন। সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ২,০৯৮ জন পরীক্ষার্থী। তার মধ্যে ছাত্র ১,১৯৪ ও ছাত্রী ৯০৪ জন। অনুপস্থিতির সংখ্যা ছাত্র ১৭ ও ছাত্রী ১২ জন। ছাত্রছাত্রীর উপস্থিতির শতকরা হার ৯৮.৬৪।

আজকের পরীক্ষায় পর্ষদের সভাপতি ড. ধনঞ্জয় গণচৌধুরী রাধাকিশোর ইনসিটিউশন, কৈলাসহর বালিকা বিদ্যালয়, রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠান এবং পর্ষদ উপসচিব শুভাশিস চৌধুরী বিজয়কুমার উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, প্রগতি বিদ্যাভবন, সুখময় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও পর্ষদের ওএসডি জ্যোতির্ময় রায় প্রাচ্যভারতী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, কামিনী কুমার সিংহ মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, রামকৃষ্ণ বিবেকানন্দ বিদ্যামন্দির এবং বাণীবিদ্যাপীঠ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরীক্ষাকেন্দ্রগুলি পরিদর্শন করেন। আগামী ১৬ মার্চ মাধ্যমিক (নতুন সিলেবাস)-র সায়েন্স (বায়োলজি) ও সায়েন্স (ফিজিক্স ও কেমেস্ট্রি) এবং মাদ্রাসা আলিম (নতুন সিলেবাস)-র সায়েন্স (বায়োলজি) ও সায়েন্স (ফিজিক্স ও কেমেস্ট্রি) পরীক্ষা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*